

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
কৃষি অর্থনীতি গবেষণা (এইআর) অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

জরুরী
ক্যান্সার মারফত

নং কৃষি/এইআর/৫৯৯/২০০৯/৭৯৫

তারিখঃ ২৩ সেপ্টেম্বর ২০০৯

বিষয়ঃ খুচরা সার বিক্রেতার সংখ্যা নির্ধারণ

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০০৯ এর ১০.৫ নং অনুচ্ছেদের ২ নং ক্রমিকে 'প্রয়োজনীয় সংখ্যক' খুচরা সার বিক্রেতা নির্বাচনের কথা উল্লেখ আছে, তবে কেন্দ্রীয়ভাবে কোন সংখ্যা নির্ধারণ করে দেয়া হয় নি। বিভিন্ন জেলা/উপজেলা হতে ইউনিয়ন প্রতি খুচরা সার বিক্রেতার সংখ্যা নির্ধারণের জন্য মন্ত্রণালয়ের পরামর্শ চাওয়া হয়। এ ছাড়া শিল্প মন্ত্রণালয় খুচরা সার বিক্রেতাদের জন্য কেন্দ্রীয়ভাবে কার্ড মুদ্রণের দায়িত্ব পালন করে বিধায় খুচরা বিক্রেতার সংখ্যা কেন্দ্রীয়ভাবে নির্ধারণ প্রয়োজন হয়ে পড়েছে।

এমতাবস্থায়, প্রতি ইউনিয়নের ওয়ার্ড/বড় বাজারের অবস্থানের ভিত্তিতে প্রয়োজনীয়তা অনুযায়ী ৫ (পাঁচ) থেকে ৯ (নয়) জন খুচরা সার বিক্রেতা নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মোঃ মোশাররফ হোসেন উপ-সচিব)
উপ-প্রধান
ফোনঃ ৭১৬৪২৩২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- (১) চেয়ারম্যান, বিসিআইসি, দিলকুশা বা/এ, ঢাকা।
- (২) মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা।
- (৩) জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি (সকল),
(প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং সংশ্লিষ্ট সকল উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান, পৌরসভার মেয়র ও কাউন্সিলর এবং উপজেলা নির্বাহী অফিসারদের অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
- (৪) উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ ও সদস্য-সচিব, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি (সকল),
(সকল উপজেলা কৃষি অফিসারদের অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
- (৫) চেয়ারম্যান, বাংলাদেশ ফার্টিলাইজার এসোসিয়েশন, আলরাজি কমপ্লেক্স (৬ষ্ঠ তলা), ১৬৬-১৬৭ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, পুরানা পল্টন, ঢাকা।
- (৬) জাতীয় তথ্য ব্যবস্থাপনা পরামর্শক, আইএসইউ প্রকল্প, কৃষি মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- (১) সচিব, শিল্প মন্ত্রণালয়, শিল্প ভবন, মতিঝিল, ঢাকা।
- (২) বিভাগীয় কমিশনার (সকল),
- (৩) অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ (সকল অঞ্চল),
- (৪) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (৫) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, শিল্প ভবন, মতিঝিল, ঢাকা।
- (৬) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (৭) মুখ্য সচিবের একান্ত সচিব, প্রধান মন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- (৮) সচিবের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।